

উপজেলা সমবায় কার্যালয়, চিতলমারী, বাগেরহাট এর সফল সমবায় সমিতির সাফল্যগাঁথা/ সচিত্র প্রতিবেদনঃ

- সমিতির নামঃ হিমেল বহুমুখী সমবায় সমিতি লিমিটেড।
- সমিতির ঠিকানাঃ গ্রাম- কালশিরা, ডাকঘর- বারশিয়া, উপজেলা- চিতলমারী, জেলা- বাগেরহাট।
- রেজিস্ট্রেশন নম্বর- ৬৫ বা, তারিখ- ০৮-০৫-২০০৭ খ্রিস্টাব্দ।

ভূমিকাঃ বাগেরহাট জেলার চিতলমারী উপজেলার পুরাতন কালশিরা গ্রামের ‘হিমেল বহুমুখী সমবায় সমিতি লিমিটেড’ এলাকার আর্থ-সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে। প্রতিষ্ঠার গত এক যুগ ধরে সমিতির সদস্যদের ভাগ্যোন্নয়নে মৎস্য চাষ, হাঁস-মুরগী পালনে ব্যাপক সহযোগিতা প্রদান করেছে। সমিতির সদস্যদের অর্থনৈতিক উন্নয়নে নিরলসভাবে কাজ করে যাওয়ার স্বীকৃতি স্বরূপ ‘বহুমুখী সমবায়’ শ্রেণিতে ‘হিমেল বহুমুখী সমবায় সমিতি লিমিটেড’ কে উপজেলা পর্যায়ে জাতীয় সমবায় পুরস্কার- ২০১৮ উপজেলা বাছাই কমিটির সভায় শ্রেষ্ঠ সমবায় সমিতি হিসেবে মনোনীত হয়।

সদস্য সংখ্যা ও বিভিন্ন কর্মসূচিঃ সমিতির বর্তমান সদস্য সংখ্যা ২১১ জন এবং শিশু সদস্য সংখ্যা ১১১ জন। এর মধ্যে পুরুষ ২৮ এবং ১৮৩ জন মহিলা। এ সকল সদস্যরা নানা শ্রেণির পেশার মানুষ। রিক্সাচালক থেকে শুরু করে শ্রমিক, কৃষক, মৎস্যজীবী, ব্যবসায়ী, শিক্ষক সমহারে সমিতি হতে সুযোগ পেয়ে থাকেন। সমিতির উল্লেখযোগ্য কর্মসূচির মধ্যে সদস্য পর্যায়ে মৎস্য চাষ, হাঁস-মুরগী ও গাভীপালন ইত্যাদি কার্যক্রম পরিচালিত হয়ে থাকে।

কার্যক্রমের বর্ণনাঃ সমিতি ক্ষুদ্র ঋণ বিতরণের মাধ্যমে সদস্যদেরকে কর্মমুখী করেছে। সমিতির ক্ষুদ্র ঋণের মাধ্যমে সদস্যরা ভ্যান গাড়ী, মৎস্য চাষ, হাঁস-মুরগী পালন ও গাভীপালন এবং সজি চাষ করে এলাকার চাহিদা পূরণ করে দেশের অন্যত্র প্রেরণ করছে এবং হিমায়িত মৎস্য কারখানায় উৎপাদিত মৎস্য প্রেরণ করছেন যা বাংলাদেশকে বৈদেশিক মুদ্রা অর্জনে সহায়তা করছে।

বিগত বছরগুলোর উল্লেখযোগ্য কর্মকাণ্ডের বর্ণনাঃ সমিতিটি বিগত বছরগুলোতে ক্ষুদ্র ঋণ বিতরণের মাধ্যমে সদস্যদেরকে কর্মমুখী করেছে। সমিতির ক্ষুদ্র ঋণের মাধ্যমে সদস্যরা মৎস্য চাষ, হাঁস-মুরগী পালন ও গাভীপালন করে এলাকার চাহিদা পূরণ করে দেশের অন্যত্র প্রেরণে সহযোগিতা করেছে।

কেস স্টাডিঃ সমিতির কার্যক্রম ও অডিট প্রতিবেদন এর আলোকে দেখা যায়, সমিতিটি ক্ষুদ্র ঋণ বিতরণের মাধ্যমে সদস্যদেরকে কর্মমুখী করেছে। সমিতির ক্ষুদ্র ঋণের মাধ্যমে সদস্যরা ভ্যান গাড়ী, মৎস্য চাষ, হাঁস-মুরগী পালন ও গাভীপালন এবং সজি চাষ করে অর্থনৈতিকভাবে সফলতা লাভ করেছে।

সমিতির সাফল্য কথাঃ সমিতিটির ২০০৭ খ্রিস্টাব্দ তারিখ হতে ১০৫ জন সদস্য নিয়ে সমিতির কার্যক্রম শুরু করেন। পরবর্তীতে সদস্যদের প্রচেষ্টায় এবং ব্যবস্থাপনা কমিটির পরিশ্রম ও স্বচ্ছতা জবাবদিহিতামূলক পরিচালনার ফলে সমিতিটি বিভিন্ন রকম কার্যক্রম যেমন-ক্ষুদ্র ঋণের মাধ্যমে সদস্যরা মৎস্য চাষ, হাঁস-মুরগী পালন ও গাভীপালন করে লাভবান হওয়ার ফলে সদস্য ও সমিতিটি সফলতা অর্জন করে।


লভ্যাংশ বিতরণ ও সমবায় উন্নয়ন তহবিল আদায়ঃ লভ্যাংশ বিতরণ ৯১,৯০০/- টাকা এবং সমবায় উন্নয়ন তহবিল আদায় ১,২৫৬/- টাকা।

অডিট সম্পর্কিত তথ্যঃ সমবায় আইন ও বিধি মোতাবেক আলোচ্য সমবায় সমিতিটি প্রতিবছর যথাসময়ে অডিট সম্পন্ন হয়ে থাকে এবং সমিতি কর্তৃপক্ষ অডিট কাজে সার্বিক সহযোগিতা করে থাকেন।

ব্যাংক ও অন্যান্য তথ্যঃ সমিতিটির সোনালী ব্যাংক গিমিটেড, চিতলমারী শাখায় একটি সঞ্চয়ী হিসাব আছে যার হিসাব নম্বর- ২৯০৩৩০৪০৮০৬২৬। উক্ত হিসাবের মাধ্যমে সমিতির কার্যক্রম পরিচালিত হয়ে থাকে এবং ৩০-০৬-২০২০ খ্রিস্টাব্দ তারিখে ব্যাংক স্থিতির পরিমাণ ৭,৭১,১৯৯/- টাকা।

আর্থ-সামাজিক উন্নয়নে ভূমিকাঃ সমিতি আর্থ-সামাজিক উন্নয়নে মেধাবী ছাত্রদের আর্থিক অনুদান, গ্রামের মহিলাদের পুষ্টি, স্যানিটেশন, মাদকের ও বাল্য বিয়ের ক্ষতিকর দিক ইত্যাদি ব্যাপারে সচেতন করে থাকে।

কর্ম কান্ডের ছবি :



গরুর খামার।



করোনাকালে ত্রাণ বিতরণ।